এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

বিষয় কোড : ১ ৫ ৩

পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.▶** জনাব আতিক তার পুত্র জিসানকে সাথে নিয়ে বইমেলায় গিয়ে কয়েকটি বই কিনে দিলেন। বইগুলো ছিল অতীতে ঘটে যাওয়া ঘটনার ওপর লেখা। তিনি বলেন, জাতির অতীতকে জানান জন্য এ ধরনের বইয়ের কোনো বিকল্প নেই। আর অতীতকে জানার মাধ্যমে সুন্দর ভবিষ্যৎ নির্মাণ করা যায়। তাই প্রত্যেকের উচিৎ যে কোন বিষয়ের অতীত সম্পর্কে লিখিত বই পুস্তক পড়া।

ক. ইতিহাস কাকে বলে? ১

খ. ইতিহাসের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইতিহাসের কোন ধরনের উপাদানের উল্লেখ রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত "অতীতকে জানার মাধ্যমে সুন্দর ভবিষ্যৎ নির্মাণ করা যায়"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**২.▶** রুহানা একটি ম্যাগাজিনের শেষ পাতায় একটি মূর্তির ছবি দেখে অবাক হল। সে মূর্তিটির দেহ সিংহের মতো কিন্তু মুখ মানুষের। এর দ্বারা বুঝানো হয়েছে মানুষটি সিংহের মতো শক্তিশালী। এছাড়াও বইটিতে বৈচিত্র্য এবং ধর্মীয় ভাবধারায় প্রভাবিত বিশাল আকারের পাথরের অনেক মূর্তিরও ছবি ছাপানো ছিল।

ক. 'স্ফিংকস'— কী? ১

খ. স্পার্টা কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে সভ্যতার ইঙ্গিত রয়েছে তার বৈশিষ্ট্য উল্লেখ কর। ৩

ঘ. উদ্দীপকের সভ্যতাটির অবদান কি শুধু ভাস্কর্যের মধ্যে সীমাবন্ধ ছিল? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩.▶** অজয় তার পরিবারের সাথে পুরাতন নিবাস ত্যাগ করে নবীনগরে নতুনভাবে বসবাস শুরু করেন। কালক্রমে তিনি নবীনগরের শাসন ক্ষমতায় বসেন। এলাকার উন্নয়নের জন্য তিনি নানাবিধ কার্য সম্পাদন করেন। এছাড়াও তার পরবর্তী বংশধরেরাও শিক্ষা, সংস্কৃতি ও সাহিত্যে বিশেষ অবদান রাখেন। তার এলাকায় বসবাসরত বিভিন্ন ধর্মের লোকরা বৈষম্যের শিকার হতেন।

ক. খড়গ বংশের রাজধানী কোথায় ছিল? ১

খ. সেনদের 'ব্রহ্মক্ষত্রিয়' বলা হয় কেন? ২

গ. অজয়ের কর্মকাণ্ডের সাথে বাংলায় সেনদের কোন শাসকের কর্মকাণ্ডের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, উক্ত শাসকের বংশধরেরা শিক্ষা, সংস্কৃতি ও সাহিত্যে বিশেষ অবদান রেখেছিল? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৪.▶** মধুপুর অঞ্চলটি বহু প্রাচীনকাল থেকেই সমৃদ্ধ। অঞ্চলটি দখল করতে প্রথম যুদ্ধ বাধে সোনাপুর ও রূপনগর রাজ্যের রাজাদের মধ্যে। এতে সোনাপুরের রাজা পরাজিত হন। কিছুদিনের মধ্যেই নুরগঞ্জের রাজা রূপনগরের রাজার কাছ থেকে মধুপুরের দখল নেয়। কিন্তু তিনি মধুপুরে বেশিদিন

TeachingBD.com

থাকেননি। তিনি নিজ দেশে ফিরে গেলে প্রায় বিনাবাধায় সোনাপুরের রাজা পুনরায় মধুপুরের দখল পায়।

ক. শশাঙ্ক কোন ধর্মের উপাসক ছিলেন? ১

খ. গৌড় জনপদটির পরিচয় বর্ণনা কর। ২

গ. উদ্দীপকের ঘটনাটি প্রাচীন বাংলার কোন ঘটনার প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সোনাপুরের রাজার মতো বাংলার শাসক পরাজিত হয়েও বিশেষ কোন ক্ষতির সম্মুখীন হননি? উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৫.▶** একটি দেশের সামরিক শাসক নতুন সংবিধানের ঘোষণা দিলে দেশটির পূর্বাংশের ছাত্রসমাজ বিক্ষোভ-সমাবেশ ও ক্লাস বর্জন করে। ছাত্রদের সংবিধান বিরোধী এ আন্দোলনে বুদ্ধিজীবী, শিক্ষক, রাজনীতিবিদদের অনেকেই সমর্থন ব্যক্ত করেন। ঐ সময় শাসকশ্রেণি ছাত্রদের উপর কঠোর দমননীতি চালায়।

ক. তমদ্দুন মজলিসের উদ্দেশ্য কী? ১

খ. মৌলিক গণতন্ত্র বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে পাকিস্তানের কোন আন্দোলনের প্রতিচ্ছবি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত সামরিক শাসকের শেষ পরিণতি বিশ্লেষণ কর। ৪

**৬.▶** যুদ্ধে জয়লাভ করে মন্টু সাহেব তার দেশে ধ্বংসপ্রাপ্ত কয়েকটি রাস্তা, রেল ও বিমান যোগাযোগের উন্নয়নে কাজ করেন। তিনি কয়েকটি কার্যক্রমের মধ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ব্যাপক কার্যসমধা করেন। তার এসব কার্যপ্রণালি দেশব্যাপী প্রশংসিত হয়।

ক. বাংলাদেশকে প্রথম কোন দেশ স্বীকৃতি দিয়েছিল? ১

খ. ১৯৭২ সালের সংবিধানের অন্যতম বৈশিষ্ট্য কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনার মতো বাংলাদেশের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মন্টু সাহেবের চেয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেশ পুনর্গঠন আরও ব্যাপক ছিল— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

**৭.▶**

| বক্স: ক | বক্স: খ |
|---|---|
| ১. বিক্রমপুর | ১. মেদিনিপুর জেলার তমলুক |
| ২. নাব্য | ২. হুগলি ও রূপনারায়ন নদের সঙ্গামস্থল |

ক. কোন বিষয়ক আলোচনায় যুগের বিভাজন অত্যন্ত গুরুত্বপূর্ণ? ১

খ. চন্দ্রদ্বীপ জনপদের পরিচয় বর্ণনা কর। ২

গ. বক্স-ক-এর অঞ্চলগুলো প্রাচীন বাংলার যে জনপদের সাথে সম্পর্কযুক্ত তা ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর বক্স-খ অঞ্চলগুলো বরেন্দ্র অঞ্চলের সাথে সম্পর্কযুক্ত? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

**৮.▶** জমিদার ছলিম গাজী তার অঞ্চলের কৃষকদেরকে তার পছন্দের ফসল ফলাতে বাধ্য করেছিল। অত্যাচারের ভয়ে কৃষকেরা ক্ষতিগ্রস্ত হলেও মুখ খুলত না। কিছু বছর এভাবে অতিবাহিত হওয়ার পর শরিফ নামের একজন যুবক

কৃষকদেরকে একত্রিত করে উক্ত ফসল চাষের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলেন। অবশেষে ছলিম গাজীও তা মেনে নিতে বাধ্য হয়।

ক. ঢাকার 'বড় কাটরা' কে নির্মাণ করেন? ১
খ. ফরায়েজী আন্দোলন বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
গ. শরিফদের বিদ্রোহের মতো বাংলার ঐতিহাসিক বিদ্রোহের বর্ণনা দাও। ৩
ঘ. "শরিফকে বাংলার একজন সংস্কারক বলা যায়।" উক্তিটি যুক্তিসহ উপস্থাপন কর। ৪

**৯.▶** জনাব শাহজাহান একটি রাজনৈতিক দলের প্রধান। নির্বাচনে জয়লাভ করার জন্য তিনি অন্য তিনটি বিরোধী দলের সাথে ঐকমত্য পোষণ করে একটি জোট গঠন করে। নির্বাচনে তারা দেশের পূর্বাংশের অধিকাংশ আসনে জয়লাভ করে। উক্ত অঞ্চলের জনগণ বিভিন্ন বৈষম্যের হাত থেকে মুক্তি পাওয়ার আশায় জোটটিকে ভোট প্রদান করে।

ক. একটি দেশের সর্বোচ্চ আইন কাকে বলে? ১
খ. 'ব্যালট বিপ্লব' বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জোটের সাথে ঐতিহাসিক কোন জোটের মিল রয়েছে? তার পটভূমি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মতো বাংলার জোটটিরি নির্বাচনে জয়লাভের জন্য যে কর্মসূচির ঘোষণা দিয়েছিল তা বিশ্লেষন কর। ৪

**১০.▶** দীনা তার বান্ধবীর বিয়েতে তাদের বাড়িতে গেল। সেখানে সে দেখল নারী ও পুরুষ উভয়ে সুন্দর গহনা পরেছে। মহিলারা পায়ে আলতা, কপালে কুমকুম, গলায় হার ও আঙ্গুলে আংটি দিয়ে সেজেছে। খাবার-দাবারে ছিল মাছ, মাংস, সবজি, দই, ক্ষীর ও মিষ্টি। শেষে মসলাযুক্ত পানও দেয়া হয়।

ক. বৌদ্ধ ধর্মের প্রবর্তক কে? ১
খ. হিন্দুদের জাতিভেদ প্রথা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাংলার কোন যুগের পোশাক ও সাজসজ্জার মিল পাওয়া যায়? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের খাদ্য তালিকা আবহমান বাংলার খাদ্য তালিকার অন্তর্ভুক্ত।" উক্তিটি যুক্তিসহ প্রতিষ্ঠিত কর। ৪

**১১.▶** সবুজ সংঘ নামক প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করার পর এটি পরিচালনার জন্য কিছু নিয়মনীতি ঠিক করা হয়। এগুলোর মধ্যে ছিল ২৫টি অনুচ্ছেদ এবং ৪টি ভাগ। ১ম ভাগে প্রতিষ্ঠানটির কাজ, লক্ষ্য ও উদ্দেশ্য, ২য় ভাগে এটি পরিচালনার মূলনীতি, ৩য় ভাগে অপরাধের শাস্তি এবং ৪র্থ ভাগে অন্যান্য বিষয়াবলি আলোচনা করে একটি লিখিত দলিল তৈরি করা হয়। যার ফলে সবুজ সংঘ সুন্দরভাবে পরিচালিত হয় এবং দিন দিন এর উন্নয়ন ঘটছে।

ক. প্রবাসী সরকার কাকে বলে? ১
খ. বাংলাদেশের ১ম পাঁচসালা পরিকল্পনা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বিষয়ের সাথে বাংলাদেশের যে বিষয়টির মিল রয়েছে তার পটভূমি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত বিষয়ের মধ্যে বাঙালি জাতির আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছে।" উক্তিটি যুক্তিসহ প্রতিষ্ঠিত কর। ৪

http://teachingbd.com

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ১ | ৫ | ৩ |

সময় — ৩০ মিনিট    পূর্ণমান— ৩০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ইতিহাসের জনক কে?**
ক হেরোডোটাস    খ থকিডাইসম
গ এরিস্টটল    ঘ প্লেটো

**২. মহাফেজখানায় কী সংরক্ষিত থাকে?**
ক লিপি    খ দলিলপত্র
গ মুদ্রা    ঘ স্মৃতিস্তম্ভ

**৩. লোহা ব্যবহারে সবচেয়ে দক্ষ ছিল কারা?**
ক হিট্রাইট    খ ফিনিশীয়
গ ক্যালডীয়    ঘ রোমান

**৪. প্রাচীন চৈনিক সভ্যতা কোন নদীর তীরে গড়ে উঠেছিল?**
ক হোয়াংহো    খ ইউফ্রেটিস
গ সিন্ধুনদ    ঘ নীলনদ

**৫. ফিনিশীয় অর্থনীতি বাণিজ্য নির্ভর ছিল কেন?**
ক দক্ষ কৃষকের অভাবে
খ চাষ উপযোগী ভূমির সমস্যা
গ মাত্রাতিরিক্ত বন্যা    ঘ কৃষি উপকরণ না থাকা

**৬. প্রাচীন জনপদগুলোর সীমা বার বার পরিবর্তনের কারণ কী?**
ক রাজনৈতিক পট পরিবর্তন
খ প্রাকৃতিক বিপর্যয়
গ ধর্মীয় পট পরিবর্তন
ঘ জলবায়ু পরিবর্তন

**৭. মিশরীয়দের কাছে ধর্ম এত গুরুত্বপূর্ণ ছিল কেন?**
ক মিশরীরা ধর্মে বিশ্বাসী ছিল
খ অভিজাত সম্প্রদায় ধর্মের গুরুত্ব দিত
গ পুরোহিতরা দেশ শাসন করত
ঘ মিশরীয়রা ধর্ম দ্বারা প্রভাবিত ছিল

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**

বিশ্বকাপ উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন দেশের পরিবেশনা দেখে রিমি ও তার পরিবার মুগ্ধ হয় এবং একটি সভ্যতার কথা মনে পড়ে। সে বিভিন্ন দেশের পরিবেশনা থেকে ধারণা নিয়ে তার স্কুলের একটি সাংস্কৃতিক অনুষ্ঠান করার পরিকল্পনা করে।

**৮. রিমির কোন সভ্যতার কথা মনে পড়ে যায়?**
ক রোমান    খ মিশরীয়
গ গ্রিস    ঘ পারস্য

**৯. এ ধরনের আয়োজনে বিভিন্ন দেশের মধ্যে গড়ে উঠতে পারে?**
ক অর্থনৈতিক ঐক্য    খ রাজনৈতিক সমঝোতা
গ ধর্মীয় ঐক্য
ঘ সাংস্কৃতিক ভাব বিনিময়

**১০. পাল বংশের প্রতিষ্ঠাতা কে?**
ক ধর্মপাল    খ গোপাল
গ দেবপাল    ঘ মহীপাল

**১১. বাংলা সাহিত্যের আদি নিদর্শন কোনটি?**
ক সুদুক্তি কর্ণামৃত    খ চর্যাপদ
গ নল দময়ন্তি কাব্য    ঘ দেবায়ন উপাখ্যান

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**

সবুজ ও সাথী পাড়ায় স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা মিলে একটি ক্লাব গঠন করে। সেখানে সবার জন্য শিক্ষা, সাম্প্রদায়িকতা স্বাস্থ্য সচেতনতা, ঐতিহ্য ইত্যাদি বিষয়ে আলোচনা করে। এছাড়াও পাড়ার বিভিন্ন সমস্যা নিয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে।

**১২. ইতিহাসের কোন ব্যক্তি দ্বারা প্রভাবিত হয়ে তারা ক্লাব গঠন করেছে?**
ক সৈয়দ আমীর আলী
খ হাজী মুহাম্মদ শরীয়ত উল্লাহ
গ নওয়াব আব্দুল লতিফ
ঘ হাজী মুহম্মদ মুহসীন

**১৩. উক্ত ক্লাবের সবুজ সাথী পাড়ার মানুষদের করে তুলতে পারে-**
ক উচ্চবিলাষী    খ বিদ্রোহী
গ জাতীয়তাবাদী    ঘ সাম্প্রদায়িক

**১৪. কত সালে বঙ্গভঙ্গ হয়েছিল?**
ক ১৯০৫    খ ১৯০৬
গ ১৯০৮    ঘ ১৯১১

**১৫. কনফুসিয়াস দর্শনের স্কুল খোলেন-**
i. যুবকদের মধ্যে নেতৃত্বের গুণাবলি বিকাশ সাধনে
ii. সুশৃঙ্খল জীবনাচরণ অনুশীলন কল্পে
iii. যুবকদের উচ্চশিক্ষায় শিক্ষিত করতে

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

**১৬. বিদেশি শত্রুরা বাংলাকে বার বার আক্রমণ করে ব্যর্থ হয় কেন?**
ক শাসকদের দৃঢ় অবস্থান
খ পাহাড়-পর্বত কম
গ শক্তিশালী সেনাবাহিনী
ঘ ভৌগোলিক অবস্থান

Teachingbd.com

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**

রিপন সাহেব উপজেলা নির্বাচনে জয়লাভ করার জন্য তার সমভাবাপন্ন প্রতিদ্বন্দ্বীদের নিয়ে একত্রে নির্বাচনে অংশগ্রহণ করে বিপুল ভোটে জয়লাভ করে।

**১৭. জয় লাভের জন্য রিপন সাহেব কত সালের নির্বাচনের শিক্ষা গ্রহণ করেছিলেন?**

ক ১৯৩৭ খ ১৯৪৬
গ ১৯৫৪ ঘ ১৯৭০

**১৮. বাংলাকে বুলগাকপুর বলা হয় কেন?**

ক শাসকরা সুযোগ পেলেই বিদ্রোহ করত
খ বাংলার লোকজন অশিক্ষিত ছিল
গ বাংলা অর্থনৈতিক ভাবে পঙ্গু ছিল
ঘ এখানে নদনদী বেশি ছিল

**১৯. বাংলাদেশ নদীমাতৃক হওয়ায়-**

i. অর্থনীতি বাণিজ্য নির্ভর ছিল
ii. ভাটিয়ালি ও সারি গানের সৃষ্টি হয়েছে
iii. এদেশের মানুষ সংগ্রামী হয়ে উঠেছে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**

মিলি তার বিয়ে উপলক্ষে ভাবীকে নিয়ে বসুন্ধরা সিটিতে শাড়ি কিনতে যায়। তার ভাবী ভারতীয় ও পাকিস্তানি শাড়ি কেনার জন্য মিলিকে বলেন। মিলি তাতে রাজি না হয়ে মিরপুরের কাতান, ঢাকার জামদানি ও টাঙ্গাইলের তাঁতের শাড়ি কেনে।

**২০. মিলির চেতনায় কোন আন্দোলনের প্রভাব পরিলক্ষিত হয়?**

ক স্বদেশী খ অসহযোগ
গ খিলাফত ঘ আলীগড়

**২১. মিলির এ ধরনের মনোভাবের ফলে হতে পারে-**

i. শিল্প প্রতিষ্ঠানের বিকাশ
ii. বিদেশি পণ্য আমদানি হ্রাস
iii. অর্থনৈতিক ক্ষেত্রে উন্নয়ন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. জিন্নাহর দ্বি-জাতি তত্ত্ব কেন ঘোষিত হয়?**

ক হিন্দু মুসলিম বিভেদ সৃষ্টির জন্য
খ মুসলিম লীগের স্বার্থ রক্ষার জন্য
গ জাতীয়তাবাদ প্রতিষ্ঠা করতে
ঘ আলাদা ভূ-খণ্ড গঠনের জন্য

**২৩. লাহোর প্রস্তাব কে উপস্থাপন করে?**

ক মুহম্মদ আলী জিন্নাহ
খ এ কে এম ফজলুল হক
গ খাজা নাজিমুদ্দিন
ঘ হোসেন শহীদ সোহরাওয়াদী

**২৪. লক্ষ্মৌ চুক্তি কত সালে সাক্ষরিত হয়?**

ক ১৯১৩ খ ১৯১৪
গ ১৯১৬ ঘ ১৯১৭

**২৫. চিরস্থায়ী বন্দোবস্তের প্রবর্তক কে?**

ক লর্ড কর্নওয়ালিস খ লর্ড ডালহৌসী
গ লর্ড কার্জন ঘ লর্ড বেন্টিঙ্ক

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**

হাবিব তার সদ্য মৃত ভাইয়ের স্ত্রী ও ছেলেকে তাদের সম্পত্তি থেকে বঞ্চিত করে বের করে দেয়। তাছাড়া সে বাড়ির কাজের লোকদের সাথেও খুব খারাপ ব্যবহার করে। এসব দেখে তার বাবা মন খারাপ করে বলেন যে, প্রাচীন সভ্যতায়ও এদের অধিকার রক্ষা করা হতো।

**২৬. হাবিবের কোন সভ্যতার আইনের শিক্ষা গ্রহণ করা উচিত ছিল?**

ক রোমান খ সুমেরীয়
গ ব্যাবিলনীয় ঘ আসিরীয়

**২৭. হাবিবের বাবার মনোভাব সমাজকে করতে পারে?**

i. বৈষম্যমুক্ত
ii. প্রতিবাদী iii. মানবিক

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৮. বাংলায় প্রথম নৌবাহিনী গড়ে তোলেন কে?**

ক বখতিয়ার খলজী
খ আলী মর্দান খলজী
গ মুহাম্মদ শিরন খলজী
ঘ ইওয়াজ খলজী

**২৯. পূর্ব পাকিস্তানে উন্নয়নের দশক কে পালন করে?**

ক মুহাম্মদ আলী জিন্নাহ
খ আইয়ুব খান
গ মোনায়েম খান ঘ ইয়াহিয়া খান

**৩০. ইংরেজি শাসনামলে দেশীয় শিল্প বন্ধ হয়ে যায় কেন?**

ক দেশীয় পণ্য রপ্তানিতে বিধি নিষেধ থাকায়
খ ইউরোপ শিল্প বিপ্লব হওয়ায়
গ দেশীয় পণ্যের মান নিম্ন থাকার
ঘ পর্যাপ্ত কাঁচামাল না পাওয়া

Teachingbd.com

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | খ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | খ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ক |